

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট অনিষ্পন্ন বিল অব এক্সপোর্টসমূহের তথ্য সংশ্লিষ্ট কাস্টম হাউস হতে প্রত্যয়ন করে বাংলাদেশ ব্যাংকের অন-লাইনে হালনাগাদকরণ প্রসঙ্গে।

সূত্রঃ(ক) বাংলাদেশ ব্যাংকের স্মারক নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২৩-৫৫৬৯, তারিখঃ ১২/১২/২০২৩।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বিজিএমইএ'র অনুরোধের প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সূত্রোক্ত পত্রের মাধ্যমে শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য অন-লাইনে হালনাগাদকরণের মেয়াদ ৩১/১২/২০২৩ হতে ৩১/০১/২০২৪ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

আপনারা জানেন দীর্ঘদিন ধরে শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য বাংলাদেশ ব্যাংকের অনলাইনে হালনাগাদকরণের কার্যক্রম চলমান রয়েছে। বিষয়টি দ্রুত সুরাহার জন্য বিজিএমইএ'র পক্ষ হতে সর্বদা সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগের মাধ্যমে চেষ্টা অব্যাহত আছে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিষয়টি সমাধানের লক্ষ্যে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণের জন্য সূত্রোক্ত পত্রের মাধ্যমে বিজিএমইএ'র নিকট হতে ২৬/১২/২০২২ইং তারিখ হতে এ'পর্যন্ত কি পরিমান অনিষ্পন্ন বিল অব এক্সপোর্ট/ইএক্সপি'র জন্য প্রত্যয়নপত্র পাওয়া গিয়েছে এবং কি পরিমান বিল অব এক্সপোর্ট/ ইএক্সপি'র বিপরীতে প্রত্যয়নপত্র প্রাপ্তির জন্য অপেক্ষমান রয়েছে তার তথ্য চাওয়া হয়েছে। নিম্নোক্ত ছক পূরণ করে তথ্য প্রেরণের জন্য অনুরোধ জানানো হলোঃ

প্রতিষ্ঠানের নাম	অনিষ্পন্ন শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্ট/ইএক্সপি সমূহের নাম্বার ও তারিখ	অনিষ্পন্ন সর্বমোট বিল অব এক্সপোর্টে/ ইএক্সপি'র সংখ্যা	২৬/১২/২০২২ইং তারিখের পরবর্তীতে প্রত্যয়নপত্র প্রাপ্ত বিল অব এক্সপোর্ট/ইএক্সপি'র সংখ্যা	২৬/১২/২০২২ইং তারিখের পরবর্তীতে প্রত্যয়নপত্র প্রাপ্তির জন্য অপেক্ষমান বিল অব এক্সপোর্ট/ইএক্সপি'র সংখ্যা	প্রত্যয়নপত্র প্রাপ্তিতে বিলম্বের কারণ	এ'বিষয়ে প্রতিষ্ঠানের পক্ষে যোগাযোগ কর্মকর্তার নাম ও মোবাইল নং

ঢাকা জোনের প্রতিষ্ঠানসমূহ customs@bgmea.com.bd এবং চট্টগ্রাম জোনের প্রতিষ্ঠানসমূহ info@bgmeactg.org ই-মেইল ঠিকানায় ছকটি নির্ভুলভাবে পূরণ করে প্রেরণ এবং একই তথ্য একাধিক মেইলের মাধ্যমে প্রেরণ হতে বিরত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

উল্লেখ্য, উপরোক্ত চাহিত তথ্যের সাথে সংশ্লিষ্ট কোন দলিলাদি প্রেরণের প্রয়োজন নেই। শুধুমাত্র ছকটি নির্ভুলভাবে পূরণ করে প্রেরণ করতে হবে। প্রয়োজন হলে বিজিএমইএ হতে যোগাযোগ করে তথ্যের সংশ্লিষ্ট দলিলাদি সংগ্রহ করা হবে।

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

বাংলাদেশ তৈরি

Shahinur-customs

৫০১১৯



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট
(এক্সপোর্ট ট্রেড শাখা)

তারিখঃ ১২/১২/২০২৩ ইং

সূত্র নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২৩- ৫৫৬৯

সভাপতি

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স

বাড়ি নং- ৭/৭এ, সেক্টর-১৭

ব্লকঃ এইচ-১, উত্তরা

ঢাকা-১২৩০১

(দৃষ্টি আকর্ষণঃ সৈয়দ নজরুল ইসলাম, প্রথম সহ-সভাপতি)


প্রিয় মহোদয়,

পোশাক শিল্পের চালান রপ্তানিতে অনিষ্পন্ন শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য
বাংলাদেশ ব্যাংকের অন-লাইনে হালনাগাদকরণ প্রসঙ্গে।

শীর্ষক বিষয়ে আপনাদের ২৫/১১/২০২৩ তারিখের পত্র নং- বিজিএ/কাস/২০২৩/১৬৪৭৬ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক অবহিত করা যাচ্ছে যে, শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট তথ্যাদি অনলাইনে হালনাগাদের কার্যক্রম সম্পাদনের মেয়াদ ৩১/০১/২০২৪ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

০২) ইত্যবসরে, জাতীয় রাজস্ব বোর্ডের ২৬/১২/২০২২ তারিখের নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/৬০৮ জারির পর হতে অদ্যাবধি কী পরিমাণ বিল অব এক্সপোর্ট- এর জন্য প্রত্যয়ন পত্র পাওয়া গিয়েছে এবং বর্তমানে কতগুলো ইএক্সপি/বিল অব এক্সপোর্ট শর্ট শিপমেন্টজনিত কারণে কাস্টমস হতে প্রত্যয়ন প্রাপ্তির জন্য অপেক্ষমান রয়েছে- সদস্য রপ্তানিকারক প্রতিষ্ঠানদের নিকট হতে সে তথ্য সংগ্রহপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হল।

আপনাদের বিশ্বস্ত,


(মোঃ মোকাদ্দেম আহামদ)

যুগ্ম-পরিচালক

ফোনঃ +৮৮ ০২ ৫৫৬৬৫০০১-৫/২১১৫১